তারিখ : ২৭ আগস্ট ২০২৪

# বিজ্ঞাপন, ক্রিয়েটিভ ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্সি তালিকাভুক্তকরণ শিডিউল

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বিজ্ঞাপন ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্সি হিসেবে তালিকাভুক্তির জন্য স্বনামধন্য, প্রতিষ্ঠিত প্রথম শ্রেণির বিজ্ঞাপনী সংস্থা ও ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্মের নিকট হতে সীলমোহরকৃত খামে দরখাস্ত আহবান করছে:

১। *(ক) বিজ্ঞাপন ও ক্রিয়েটিভ এজেন্সির জন্য:* প্রথম শ্রেণির সকল দৈনিক পত্রিকা, অনলাইন নিউজ পোর্টাল, টিভি চ্যানেল ও রেডিও- এর সাথে অবশ্যই সুসম্পর্ক থাকতে হবে। বিজ্ঞাপন প্রকাশ ও প্রচারে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডিজিটাল মার্কেটিংয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

*(খ) ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্সির জন্য:* বিভিন্ন ব্যাংক বা কর্পোরেট প্রতিষ্ঠানে ব্র্যান্ডিং ও ইভেন্ট অ্যাক্টিভেশনে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। দেশের পাঁচ তারকা হোটেল ও প্রথম সারির কনফারেন্স হলসমূহে সভা/ সেমিনার/ সাংস্কৃতিক প্রোগ্রাম আয়োজনের অভিজ্ঞতা থাকতে হবে।

২। দরখাস্তের সাথে দাখিল করতে হবে:

ক) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
খ) হালনাগাদ আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
গ) যেকোন তফসিলি ব্যাংকের প্রদত্ত সচ্ছলতার সার্টিফিকেট।
ঘ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম, আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন এবং অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনারশিপ ডিডের সত্যায়িত ফটোকপি।
ঙ) এজেন্সির মালিক/ পরিচালনা পর্ষদ, নির্বাহী কর্মকর্তা, ক্রিয়েটিভ ও ডিজাইনারদের যোগ্যতা ও অভিজ্ঞতার সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত।
চ) এজেন্সিকে কমপক্ষে ৫ (পাঁচ)টি বহুজাতিক কোম্পানি/ ব্যাংক/ বাণিজ্যিক প্রতিষ্ঠানের সাথে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে এবং সেসব প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত সনদপত্র পেশ করতে হবে।
ছ) এজেন্সি যে সব প্রতিষ্ঠানের বিজ্ঞাপন ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্ট হিসেবে কাজ করছে, সেগুলোর তালিকা পেশ করতে হবে।
জ) এজেন্সির প্রচারিত বিজ্ঞাপনসমূহ থেকে পত্রিকায় প্রকাশিত ৩টি ডিজাইনের কালার প্রিন্ট এবং টিভিতে প্রচারিত ২টি বিজ্ঞাপন সিডি/ডিভিডি আকারে জমা দিতে হবে। তালিকাভুক্তির ক্ষেত্রে এ ডিজাইন ও টিভিসি গুলোর মান বিবেচনা করা হবে।
ঝ) ডিজাইনের ক্ষেত্রে রেট চার্ট এবং বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে প্রস্তাবিত ডিসকাউন্টের হার উল্লেখ করতে হবে।

চলমান পাতা-২


প্রধান কার্যালয়: ইসলামী ব্যাংক টাওয়ার, ৪০ দিলকুশা বা/এ, ঢাকা, বাংলাদেশ (+৮৮-০২) ২২৩৩৮৪৮১৬, ২২৩৩৮৩০৪০, ০১৩১৩৪১৮৮৭১
communication@islamibankbd.com www.islamibankbd.com

৩। (ক) ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি-এর বিজ্ঞাপন এজেন্সি (প্রিন্ট, ইলেক্ট্রনিক, ডিজিটাল) ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্সি হিসেবে প্রত্যেকটির জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।

(খ) প্রতিটি আবেদনপত্রের সাথে ৫,০০০/- টাকা (পাঁচ হাজার টাকা) মাত্র 'অফেরতযোগ্য ফি' হিসেবে 'ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি'-এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে। কোন প্রতিষ্ঠান যদি উভয় ধরনের এজেন্সির জন্য আবেদন করে তবে তাদের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে।

৪। তালিকাভুক্ত এজেন্সিসমূহকে কার্য প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতিসমূহ অনুসরণ করা হবে:

(ক) নির্বাচিত এজেন্সিসমূহকে কাজের দক্ষতা, অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনা করে কাজ প্রদান করা হবে। এক্ষেত্রে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(খ) বিজ্ঞাপন প্রকাশ ও প্রচারের ক্ষেত্রে ডিসকাউন্টের হার এবং ইভেন্ট সংক্রান্ত ক্রিয়েটিভ ও অ্যাক্টিভেশন রেট বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে।

(গ) যে উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রচার ও ইভেন্ট আয়োজন করা হবে, সে উপলক্ষ্যকে সামনে রেখে এজেন্সিসমূহের নিকট থেকে পরিকল্পনা ও দর আহবান করা হতে পারে। এক্ষেত্রে লক্ষ্য করা হবে, সর্বনিম্ন ব্যয়ে সর্বাধিক ও সর্বজনগ্রাহ্য পরিকল্পনা কিভাবে বিবেচনা করা যায়।

৫। ব্যাংকের নির্দেশনা মোতাবেক বিজ্ঞাপন প্রকাশ বা সম্প্রচারে কিংবা ইভেন্টের অ্যাক্টিভেশনে ব্যর্থ হলে ব্যাংক সে প্রতিষ্ঠানকে জরিমানাসহ কালো তালিকাভুক্ত করতে পারে।

৬। বিজ্ঞাপন প্রকাশ, সম্প্রচার ও ইভেন্ট অ্যাক্টিভেশনে পূর্বে ব্যাংক কখনো অগ্রিম টাকা প্রদান করে না।

৭। প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ৪০ দিলকুশা, ঢাকায় অবস্থিত ব্যাংকের ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন ডিভিশনে ১০ সেপ্টেম্বর ২০২৪, মঙ্গলবার দুপুর ১২টা পর্যন্ত গ্রহণ করা হবে।

৮। যে সকল এজেন্সি ২০২৩ সালে ব্যাংকে তালিকাভুক্ত ছিল তাদেরকেও নতুনভাবে তালিকাভুক্তির জন্য সকল নিয়ম-নীতি মেনে আবেদন করতে হবে।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন।

(নজরুল ইসলাম)
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট


প্রধান কার্যালয়: ইসলামী ব্যাংক টাওয়ার, ৪০ দিলকুশা বা/এ, ঢাকা, বাংলাদেশ (+৮৮-০২) ২২৩৩৮৪৮১৬, ২২৩৩৮৩০৪০, ০১৩১৩৪১৮৮৭১
communication@islamibankbd.com www.islamibankbd.com